

## 🔳 আন-নূর | An-Nur | ٱلنُّور

আয়াতঃ ২৪: ৪৬

## **া** আরবি মূল আয়াত:

## 

অবশ্যই আমি সুস্পষ্ট আয়াতসমূহ নাযিল করেছি। আর আল্লাহ যাকে ইচ্ছা সরল সঠিক পথ দেখান। — আল-বায়ান আমি সুস্পষ্ট নিদর্শন অবতীর্ণ করেছি, আল্লাহ যাকে চান সরল সঠিক পথ প্রদর্শন করেন। — তাইসিরুল আমিতো সুস্পষ্ট নিদর্শন অবতীর্ণ করেছি। আল্লাহ যাকে ইচ্ছা সরল সঠিক পথ প্রদর্শন করেন। — মুজিবুর রহমান We have certainly sent down distinct verses. And Allah guides whom He wills to a straight path. — Sahih International

৪৬. অবশ্যই আমরা সুস্পষ্ট আয়াতসমূহ নাযিল করেছি, আর আল্লাহ যাকে ইচ্ছে সরল সঠিক পথে পরিচালিত করেন।

তাফসীরে জাকারিয়া

## (৪৬) আমি অবশ্যই সুস্পষ্ট নিদর্শন অবতীর্ণ করেছি। আর আল্লাহ যাকে ইচ্ছা সরল পথ প্রদর্শন করেন।

[1] 'সুস্পষ্ট নিদর্শন' বলতে কুরআন কারীমকে বুঝানো হয়েছে, যাতে এমন প্রতিটি জিনিসের বর্ণনা রয়েছে যার সম্পর্ক ধর্ম তথা সুচরিত্রের সঙ্গে আছে; যার উপর নির্ভর করছে মানুষের সুখ ও সফলতা। মহান আল্লাহ বলেন, বুলুল করতে ক্রটি করিন। (আনআম ৩৮ আয়াত) যার ভাগ্যে হিদায়াত প্রাপ্তি রয়েছে আল্লাহ তাকে সঠিক চিন্তাশক্তি ও সত্য হৃদয় দান করে থাকেন। যার ফলে তার সম্মুখে হিদায়াতের পথ খুলে যায়। 'সিরাতে মুস্তাকীম' (সরল পথ) বলতে উক্ত হিদায়াতের পথকেই বুঝানো হয়েছে; যার মধ্যে কোন বক্রতা নেই; যে পথ অবলম্বন করে মানুষ নিজের গন্তব্যস্থল জান্নাতে পৌঁছতে পারে।

তাফসীরে আহসানল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2837

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন